

শিক্ষক দিবসে মন্ত্রীদেব আশ্বাস

## শিক্ষকদের বিভিন্ন দাবি শিগগির পূরণ হবে

কাগজ প্রতিবেদক: শিক্ষক দিবস উপলক্ষে আয়োজিত সমাবেশে শিক্ষা প্রতিমন্ত্রী ও উপমন্ত্রী শিক্ষকদের বিভিন্ন দাবি-শিগগিরই পূরণ হবে বলে আশ্বাস দিয়েছেন।

গতকাল রোববার জাতীয় শিক্ষক দিবসের র্যালি শেষ হওয়ার আগে মুক্তাসনে সংক্ষিপ্ত সমাবেশে মন্ত্রিসভা এ ঘোষণা দিয়েছেন।

● এরপর পৃষ্ঠা ১১ কলাম ০

## শিক্ষকদের বিভিন্ন

● শেষের পাতার পর

বাংলাদেশ শিক্ষক সমিতির মহাসচিব মোঃ সেলিম ভূঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে সরকারি শিক্ষকদের অনুরূপ বেসরকারি শিক্ষক-কর্মচারীদের ১০০ ডাগ বেতনভাতা প্রদান, শিক্ষক শার্খবিরোধী ৯ দফা বাতিল, মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর পৃথকীকরণসহ ১১ দফা দাবি পেশ করা হয়েছে। শিক্ষা উপমন্ত্রী আবদুস সালাম পিটু সমাবেশে বলেন, আমাদের সরকার শিক্ষকদের দাবি পূরণের জন্য আন্তরিক। শিক্ষক শার্খবিরোধী ৯ দফা দাবি বাতিল হবে। শিক্ষার মান উন্নয়নে আমরা সব রকমের সহযোগিতা করবো, আপনরা তার লক্ষ্যে কাজ করে যান। উল্লেখ্য, দেশে এবারই প্রথমবারের মতো জাতীয় শিক্ষক দিবস পালন করা হয়েছে। দিবসটিকে যথাযোগ্যভাবে পালন করার জন্য বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়, দি ইউনিভার্সিটি অফ এশিয়া প্যাসিফিক, বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতিসহ বিভিন্ন সংগঠন বিভিন্ন কর্মসূচির আয়োজন করেছিল। বাংলাদেশ শিক্ষক সমিতি ও বাংলাদেশ প্রধান শিক্ষক সমিতির যৌথ উদ্যোগে শিক্ষা ভবন থেকে এক বর্ণাঢ্য র্যালি বের হয়। র্যালিপূর্ব সমাবেশে সভাপতিত্ব করেন বাংলাদেশ প্রধান শিক্ষক সমিতির আহ্বায়ক মোহাম্মদ আলী। র্যালিতে নেতৃত্ব দেন শিক্ষা প্রতিমন্ত্রী এহসানুল হক মিলন, শিক্ষা উপমন্ত্রী মোঃ আব্দুস সালাম পিটু, বাংলাদেশ শিক্ষক সমিতির মহাসচিব ও শিক্ষক-কর্মচারী ঐক্য জোটের সমন্বয়কারী মোঃ সেলিম ভূঁইয়া।

র্যালিটি শিক্ষা ভবন চত্বর থেকে শুরু হয়ে হংসা ভবনের সামনের রাস্তা দিয়ে বিজয়নগর সড়ক প্রদক্ষিণ করে মুক্তাসনে শেষ হয়।